চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ ডিসেম্বর ২০২১ খ্রি.

# অসদুপায় অবলম্বনকারীদের সহযোগিতা করাও দুর্নীতি : মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সাধারণভাবে দুর্নীতি বলতে মানুষ অসদুপায় অবলম্বন করে যা কিছু করে তাই দুর্নীতি। একজন ব্যক্তি তার নিজের পরিবার অথবা অন্য কারো আর্থিক বা অনার্থিক লাভ বা সুবিধার জন্য অসদুপায় অবলম্বন করে যা কিছু তাই দুর্নীতি। আর এধরণের কাজে সহযোগিতা করাও দুর্নীতির সামিল।

আজ বৃহস্পতিবার দুপুরে টাইগারপাসস্থ অস্থায়ী অফিসের কনফারেন্স রুমে আর্ন্তজাতিক দুর্নীতি বিরোধী দিবস ২০২১'র অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলম'র সভাপতিত্বে এতে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প (এলআইইউপিসি)'র টাউন ম্যানেজার সরোয়ার হোসেন খান, টাউন ফেডারেশন ম্যানেজার কোহিনূর আকতার, মাঠ পর্যায়ের দলনেতা কনিকা চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র আরো বলেন, দুর্নীতি সর্বজনীন কোন সংজ্ঞা নেই। ঘুষকে আমরা সাধারণ অর্থে দুর্নীতি বলি। কিন্তু কোন কর্মজীবী যদি যথাসময়ে কর্মস্থলে উপস্থিত না হন বা পূর্ণ কর্মঘন্টা অর্থ্যাৎ ৮ঘন্টা অফিসে উপস্থিত না থাকেন এটাও দুর্নীতি। তেমনি অফিস চলাকালীন সময়ে নিজের বা পারিবারিক কাজে ব্যস্ত থাকলে সেটাও দুর্নীতি পর্যায়ে পড়ে।

বাংলাদেশে বর্তমানে জাতীর বিবেক বলে খ্যাত শিক্ষকরাও দুর্নীতিতে নিমজ্জিত। অনেকে শ্রেণীকক্ষে না গিয়ে ক্লাস ফাঁকি দেন। এটাও একধরণের দুর্নীতি। তাই দুর্নীতি নির্মূলে মানুষের বিবেককে জাগ্রত করতে হবে। নিজে সচেতন হওয়ার পাশাপাশি অন্যকে সচেতন করতে হবে। তাহলেই একদিন বাংলাদেশ দুর্নীতিমুক্ত হবে বলে আশা করা যায়। পরে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী উপস্থিত সকলকে দুর্নীতি বিরোধী শপথ বাক্য পাঠ করান।

আন্ত: বিদ্যালয় বার্ষিক ও প্রাক নির্বাচনী পরীক্ষার ফলাফল ঘোষণা অনুষ্ঠানে মেয়র

# করোনাকালে শিক্ষা কার্যক্রমে যে ব্যাঘাত ঘটেছে তা পুষিয়ে নিতে নিবেদিত হতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান গুলোকে আগামীতে আরো ভালো ফলাফল লাভের যোগ্যতা অর্জন করতে হবে। তিনি করোনাকালে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার ফলে নিয়মিত পাঠ গ্রহণের যে ব্যাঘাত ঘটেছে তা পুষিয়ে নিতে শিক্ষকদের আন্তরিকভাবে পাঠদানে নিবেদিত হতে আহ্বান জানান।

আজ বৃহস্পতিবার টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনে তাঁর দপ্তরে চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আন্ত: বিদ্যালয় বার্ষিক ও প্রাক নির্বাচনী পরীক্ষা২০২১'র ফলাফল ঘোষণার উদ্বোধনকালে একথা বলেন। এসময় উপস্থিত ছিলেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, আন্ত: বিদ্যালয় পরীক্ষা কমিটির আহ্বায়ক মো. আবুল হোসেন, সদস্য সচিব আকতার হোসাইন, সদস্য মো. নাজমুল হক, মো. আবু তৈয়ব, মো. জসিম উদ্দিন প্রমুখ। উল্লেখ থাকে যে, চসিকের ৪৮টি বিদ্যালয়ের ৩৫হাজার শিক্ষার্থী এবারের বার্ষিক ও প্রাক নির্বাচনী পরীক্ষার ফলাফল অনলাইনে ঘরে বসেই পেয়েছে। মেয়র শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে করোনা মহামারী মোকাবেলায় সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়কে কোনরকম অবহেলা না করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

## নগরীতে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন পালনে সকলের সহযোগিতা চান চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জাতীয় পুষ্টি সেবা জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন আগামী ১১ই ডিসেম্বর থেকে ১৪ই ডিসেম্বর ২০২১ইং উদযাপন উপলক্ষ্যে আজ বৃহস্পতিবার সকালে চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে এক সংবাদ সম্মেলন অনষ্ঠিত হয়। এতে জাতীয় ভিটানিম ‘এ’ ক্যাম্পেইনের সার্বিক বিষয়ের উপর বক্তব্য রাখেন চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী।

তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় আসন্ন জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সরকারী নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম গ্রহন করা হয়েছে, পূর্বের সফলতা এবারও ধরে রাখতে আমরা সচেষ্ট রয়েছি। ডাঃ সেলিম আকতার চৌধুরী আরো বলেন, সিটি মেয়র এম রেজাউল করিম চৌধুরী’র সার্বিক নির্দেশনায় এই কর্মসূচী সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা ও প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী বাস্তবায়নে সকল জোনাল মেডিকেল অফিসারগণকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য যে, সারাদেশের ন্যায় চট্টগ্রামেও  চার দিনব্যাপী সকাল ৮টা হতে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন পালিত হবে। এই ক্যাম্পেইন চলাকালীন সময়ে ৬-১১ মাস বয়সী শিশুকে ১টি নীল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল ও ১২-৫৯ মাস বয়সী শিশুকে ১টি লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে।

আগামী ১১ ডিসেম্বর শনিবার সদরঘাট মেমন হাসপাতালে বেলা ১১ টায় শিশুকে টিকা খাওয়ানো মাধ্যমে জাতীয় ভিটামিন ‘এ’ ক্যাম্পেইনের শুভ উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী।

উল্লেখ্য যে, নগরীর ৪১টি ওয়ার্ডে স্থায়ী ও অস্থায়ী টিকাদান কেন্দ্রে ছয় থেকে এগার মাস বয়সী প্রায় আশি হাজার শিশুকে একটি করে নীল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসল এবং বার থেকে উনষাট মাস বয়সী প্রায় চার লক্ষ বায়ান্ন হাজার শিশুকে একটি করে উচ্চ ক্ষমতা সম্পন্ন লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসল খাওয়ানো হবে। এ কার্যক্রম সফল করার জন্য সিটি কর্পোরেশন, এনজিও, সরকারি ও আধা সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, চিকিৎসক, সাংবাদিক, শিক্ষক ও এলাকা ভিত্তিক জনপ্রতিনিধিদের নিয়ে কেন্দ্রিয়ভাবে এ্যাডভোকেন্সি সভাসহ স্বেচ্ছা সেবক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।

সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন-চসিক স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মো. ইমাম হোসেন রানা, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মো. রফিকুল ইসলাম, ডাঃ মো. হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মোহাম্মদ নাফে, ডাঃ জুয়েল মহাজন, মেডিকেল ইনচার্জ দিপা ত্রিপুরা প্রমুখ।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

## অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে বেকারীপন্য উৎপাদন করায় মিষ্টিকুল বেকারীকে ১ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে গতকাল বুধবার মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। পলিথিন মুক্ত পরিবেশ বান্ধব নগর গড়ার লক্ষ্যে কাজীর দেউরী বাজার, চকবাজার ও কর্ণফুলী বাজারে নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে পরিচালিত অভিযানে ১টি দোকানে পলিথিন ব্যাগ পাওয়ায় দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫শত টাকা জরিমানা করা হয় এবং পরিবেশের জন্য ক্ষতিকর পলিথিন বর্জনের জন্য বাজারের ব্যবসায়ী এবং ক্রেতা সাধারনকে নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে মহানগরীতে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ বৃদ্ধির বিস্তার রোধে জামালখান ওয়ার্ডের কাজীর দেউরী, এস এস খালেদ রোড ও রহমতগঞ্জ এলাকায় মশক নিধন কার্যক্রম সুপারভিশন ও মনিটরিং করা হয়। অপর এক অভিযানে বাকলিয়া এলাকায় অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে বেকারীপন্য উৎপাদন ও বাজারজাত করার দায়ে মিষ্টিকুল বেকারীর বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১ লক্ষ ৫০হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ  ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩